দৈনিক
আমাদের সময়

তা: 05 SEP 2016
পৃষ্ঠা ২ ... কলাম ... ৬...

স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির বৈঠক

# ইমাম ও ধর্মীয় প্রতিষ্ঠানের শিক্ষকদের বক্তব্যে নজরদারি বাড়ানোর সুপারিশ

নিজস্ব প্রতিবেদক ●

মসজিদের ইমাম ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানের শিক্ষকরা যাতে জঙ্গিবাদকে উসকে দেওয়ার মতো বক্তব্য দিতে না পারে, সে বিষয়ে নজরদারি বাড়ানোর সুপারিশ করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি। এ ছাড়া সব মন্ত্রণালয়কে সমন্বিত উদ্যোগের মাধ্যমে তাদের অবস্থান থেকে জঙ্গিবাদ প্রতিরোধে কাজ করার সুপারিশ করা হয়। গতকাল জাতীয় সংসদে অনুষ্ঠিত স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১৩তম বৈঠকে এ সুপারিশ করা হয়।

বৈঠকে জানানো হয়, ইসলামী ছাত্রশিবির ও আনসার আল ইসলামসহ সব ধরনের জঙ্গি সংগঠন নিষিদ্ধে পদক্ষেপ নিচ্ছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। এ ছাড়া জুমার নামাজের আগে ইমামদের মাধ্যমে মসজিদে জঙ্গিবাদবিরোধী বক্তব্য প্রদান বাড়ানোরও ব্যবস্থা নিতে বলা হয়।

সূত্র জানায়, বৈঠকে জঙ্গিবাদ দমনে সামাজিক সচেতনতা সৃষ্টিসহ উদ্বুদ্ধকরণ কার্যক্রম গ্রহণ ও সমন্বয়ের লক্ষ্যে নানাবিধ পদক্ষেপ যথাযথভাবে বাস্তবায়নের সুপারিশ করা হয়। এ ছাড়া শুক্রবার জুম্মার আগে ইমামদের মাধ্যমে মসজিদে জঙ্গিবাদবিরোধী বক্তব্য প্রদান, তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে জঙ্গিবাদবিরোধী ডকুমেন্টারি, শর্টফিল্ম, বিজ্ঞাপনচিত্র, ভিডিওক্লিপ ইত্যাদি তৈরি করে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার, সন্ত্রাসবাদবিরোধী আলোচনা ও সচেতনতা তৈরির লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ, মসজিদের ইমাম ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানের শিক্ষকরা যাতে জঙ্গিবাদকে উসকে দেওয়ার মত বক্তব্য দিতে না পারে, সে বিষয়ে নজরদারি বাড়ানো, সমাজের গণমান্য ব্যক্তিবর্গ, ইমাম-শিক্ষক, জনপ্রতিনিধি, এনজিও কর্মকর্তাসহ সবার সমন্বয়ে জঙ্গিবাদের বিরুদ্ধে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণের সুপারিশ করা হয়।

বৈঠকে জানানো হয়, পুলিশ বাহিনীর সার্বিক সক্ষমতা বৃদ্ধি ও আধুনিকায়নের জন্য সরকার পুলিশ বাহিনীতে নতুন ৫০ হাজার পদ বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। ওই সিদ্ধান্তের অংশ হিসেবে ইতোমধ্যে পুলিশ অধিদপ্তরের বিদ্যমান ইউনিটের জন্য সর্বমোট ১৩ হাজার ৬৪১টি নতুন পদ সৃজন করার বিষয়ে আলোচনা হয়।

কমিটির সভাপতি টিপু মুনশির সভাপতিত্বে বৈঠকে কমিটির সদস্য স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল, মো. মোজাম্মেল হোসেন, মো. শামসুল হক টুকু, ওমর ফারুক চৌধুরী, মো. ফরিদুল হক খান, আবুল কালাম আজাদ, আবু সাঈদ আল মাহমুদ স্বপন, ফখরুল ইমাম এবং কামরুন নাহার চৌধুরী উপস্থিত ছিলেন। এ ছাড়া বৈঠকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মো. মোজাম্মেল হক খান, পুলিশের আইজিপিসহ মন্ত্রণালয় ও জাতীয় সংসদ সচিবালয়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।